



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

www.dshe.gov.bd



৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৩.৮৯.০০১.১৯.২৮

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) ওয়েবসাইট তৈরি/ হালনাগাদকরণ
সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) মধ্যে কিছু সংখ্যক প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট নেই এবং অনেক শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট থাকলেও হালনাগাদ নেই।

উল্লেখ্য, প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইটে প্রতিষ্ঠান পরিচিতি, প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি ও স্বীকৃতি, শ্রেণি ও লিংগ ভিত্তিক শিক্ষার্থীর তথ্য, শ্রেণি ভিত্তিক অনুমোদিত শাখার তথ্য, পাঠদান সংক্রান্ত তথ্য (রুটিন, পাঠ্যসূচী, বিবিধ নোটিশ ইত্যাদি), এমপিও ও জাতীয়করণের তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে), প্রতিষ্ঠানের ফোন/ মোবাইল নম্বরসহ যোগাযোগের ঠিকানা, প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষক-কর্মচারীর তথ্য, ব্যবস্থাপনা কমিটির তথ্য হালনাগাদ রাখতে হবে।

এমতাবস্থায়, আগামী ১৫ই সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ) নিজস্ব ওয়েবসাইট তৈরি/ হালনাগাদকরণ এবং প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ওয়েব ঠিকানা মাউশি অধিদপ্তরের EMIS এর IMS মডিউলে (www.emis.gov.bd) প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৯-০৮-২০২৩

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক (সকল কলেজ, স্কুল এন্ড কলেজ, স্কুল)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৩.৮৯.০০১.১৯.২৮/১ (১)

৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ১৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জাতার্থে/জাতার্থে(জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
- ২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৩। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৪। উপ-পরিচালক (স্কুল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৫। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল);
- ৬। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল);
- ৮। সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল) এবং
- ৯। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।